# জনআকাঙ্ক্ষার জুলাই সনদ বাস্তবায়নে ব্যর্থ সরকার: নাহিদ ইসলাম



নাহিদ ইসলাম। ছবি: সংগৃহীত

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) আহ্বায়ক ও বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম অভিযোগ করেছেন, জুলাই সনদ বাস্তবায়ন এবং সাংবিধানিক সংস্কারের ক্ষেত্রে সরকার প্রত্যাশিত অগ্রগতি দেখাতে পারেনি।

বৃহস্পতিবার (৫ মার্চ) সন্ধ্যায় রাজধানীর গুলশানে বিদেশি রাষ্ট্রদূত ও বিশিষ্ট ব্যক্তিদের সম্মানে আয়োজিত এক ইফতার অনুষ্ঠানে তিনি এ মন্তব্য করেন।

তিনি বলেন, জনগণের প্রত্যাশা অনুযায়ী জুলাই সনদ কার্যকর করা ও সংবিধান সংস্কারে সরকার কার্যকর পদক্ষেপ নিতে ব্যর্থ হয়েছে। ক্ষমতা গ্রহণের শুরুতেই জনমতের প্রতি যথাযথ গুরুত্ব না দেওয়া উদ্বেগজনক বলেও উল্লেখ করেন তিনি।

নাহিদ ইসলাম আরও অভিযোগ করেন, বাংলাদেশ ব্যাংক ও দুর্নীতি দমন কমিশন-এর মতো গুরুত্বপূর্ণ রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে রাজনৈতিক ব্যক্তিদের নিয়োগ দেওয়া হচ্ছে, যা সরকারের স্বচ্ছতা নিয়ে প্রশ্ন তৈরি করছে। একই সঙ্গে তিনি জুলাই সনদের ভিত্তিতে সংবিধান সংস্কারের উদ্যোগ নিতে সরকারের প্রতি আহ্বান জানান।

LENS ASIA